

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : উমা/পরী/২০২৪/২০৪৮

তারিখ : ০৫/০৬/২০২৪ খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৪ এর বিশেষ অনুমতিতে ফরম পূরণ প্রসঙ্গে

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সনে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক যেসকল ছাত্র-ছাত্রী নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ (অনিয়মিতদের জন্য উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য), যুক্তিসংগত কারণে বোর্ডের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফরম পূরণ করতে পারে নাই তাদেরকে আগামী ২৩/০৬/২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের বরাবর আবেদন করতে হবে।

অধ্যক্ষগণ নিজে অথবা প্রতিনিধির (শিক্ষক) মাধ্যমে আগামী ২৪/০৬/২০২৪ থেকে ২৫/০৬/২০২৪ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত কাগজপত্রসমূহ বিশেষ অনুমতিতে ফরম পূরণের অনুমতির জন্য এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে দাখিল করতে হবে।

১) অধ্যক্ষের আবেদন

২) অধ্যক্ষের নিকট পরীক্ষার্থীর আবেদনের ফটোকপি।

৩) খাতওয়ারি ফি এর হিসাব বিবরণী (ফরম পূরণের সম্ভাব্য তালিকায় উল্লিখিত টাকা + বিলম্ব ফি ১০০/- + বিশেষ অনুমতি ফি (i. প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ৩০০/-, ii. অন্যান্য পরীক্ষার্থী প্রতি ২০০/-))

৪) ফি এর পে-অর্ডার (সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর অনুকূলে)

৫) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

৬) অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড এবং পুরাতন প্রবেশপত্রের ফটোকপি

বি: দ্র:

- পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সে কেন্দ্রে ফরম পূরণের আবেদনকৃত পরীক্ষার্থীর সকল বিষয়ের প্রশ্নপত্র আছে এ মর্মে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দিতে হবে।
- ২৮/০৬/২০২৪ খ্রি. তারিখ যথারীতি পূর্বের ন্যায় প্রতিষ্ঠানের EID নম্বর ও Password ব্যবহার করে হালনাগাতকৃত রেজিস্ট্রেশন ও বিশেষ অনুমতিতে ফরম পূরণকৃত প্রবেশপত্র প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০৫/০৬/২৪

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


ফোন : ০২৩৩৪৪০৬১৭২

অধ্যক্ষ

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০২. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০৪. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই বিল্ডিং শাখা, কুমিল্লা
০৫. কুমিল্লা শিক্ষাবোর্ডের হিসাব (জমা) শাখা
০৬. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট
০৭. সংশ্লিষ্ট নথি



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

বরাবর

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

বিষয় : এইচএসসি পরীক্ষা - ২০২৪ এর বিশেষ বিবেচনায় ফরম পূরণের জন্য আবেদন

মহোদয়

যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমার প্রতিষ্ঠানের নিম্নোক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীরা যুক্তিসঙ্গত কারণে বোর্ড নির্ধারিত সময়ে ফরম পূরণ করতে পারেনি। তাদের তথ্য নিম্নে ছকে দেয়া হলো :

ক্র. নং	শিক্ষার্থীর নাম (ইংরেজি বড় অক্ষরে)	রেজিস্ট্রেশন নং	শিক্ষাবর্ষ নিয়মিত/অনিয়মিত	আংশিক বিষয় হলে অবশ্যই বিষয় কোড উল্লেখ করতে হবে
১.				
২.				
৩.				
৪.				

অতএব, মানবিক দিক বিবেচনা করে উল্লিখিত রেজিস্ট্রেশনধারীদের ফরম পূরণের সুযোগ দানে বাধিত করবেন।

সংযুক্তি :

- শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি জন
- হিসাব শাখার পে-অর্ডার জমা রশিদের ফটোকপি
(ফরম পূরণের সম্ভাব্য তালিকায় উল্লেখিত টাকা + বিলম্ব ফি ১০০/- + বিশেষ অনুমতি ফি)
বিশেষ অনুমতি ফি : i) প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ৩০০/-, ii) অন্যান্য পরীক্ষার্থী প্রতি ২০০/-
- বোর্ড প্রদত্ত ফরম পূরণের সম্ভাব্য তালিকার (সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নাম, বিষয় কোড ও টাকার পরিমাণ) সংশ্লিষ্ট পাতার ফটোকপি

(প্রতিষ্ঠান প্রধানের নাম ও স্বাক্ষর)

প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠানের (EIN) নম্বর :

কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড :

উপজেলা :

জেলা :

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর :

বি: দ্র: চেয়ারম্যান মহোদয়ের অনুমতির পর এই আবেদনটি ফটোকপি করে পে-অর্ডারসহ ০১ (এক) কপি বোর্ডের হিসাব শাখায় এবং সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০১ (এক) কপি উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।